# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯৬]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ২: যুহরের প্রথম ওয়াক্ত

## أول وقت الظهر

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا خَالِدٌ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، قال: حَدَّثَنَا سَيَّارُ بْنُ سَلَامَةَ، قال: سَمِعْتُ أَبِي، يَسْأَلُ أَبَا بَرْزَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قُلْتُ: أَنْتَ سَمِعْتَهُ ؟ قَالَ: كَمَا أَسْمَعُكَ السَّاعَةَ، فَقَالَ: أَبِي يَسْأَلُ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: كَانَ لَا يُبَالِي بَعْضَ تَأْخِيرِهَا يَعْنِي الْعِشَاءَ إِلَى نِصْفِ اللَّيْلِ، وَلَا يُحِبُّ النَّوْمَ قَبْلَهَا وَلَا الْحَدِيثَ بَعْدَهَا . قَالَ شُعْبَةُ: ثُمَّ لَقِيتُهُ بَعْدُ فَسَأَلْتُهُ، قَالَ: كَانَ يُصَلِّي الظُّهْرَ حِينَ تَزُولُ الشَّمْسُ، وَالْعَصْرَ يَذْهَبُ الرَّجُلُ إِلَى أَقْصَى الْمَدِينَةِ وَالشَّمْسُ حَيَّةٌ، وَالْمَغْرِبَ لَا أَدْرِي أَيَّ حِينٍ ذَكَرَ ثُمَّ لَقِيتُهُ بَعْدُ فَسَأَلْتُهُ، فَقَالَ: وَكَانَ يُصَلِّي الصُّبْحَ فَيَنْصَرِفُ الرَّجُلُ فَيَنْظُرُ إِلَى وَجْهِ جَلِيسِهِ الَّذِي يَعْرِفُهُ فَيَعْرِفُهُ، قَالَ: وَكَانَ يَقْرَأُ فِيهَا بِالسِّتِّينَ إِلَى الْمِائَةِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/المواقيت ١١ (٥٤١)، ١٣ (٥٤٧)، ٢٣ (٥٦٨)، ٣٨ (٥٩٩)، الأذان ١٠٤ (٧٧١)، صحيح مسلم/المساجد ٤٠ (٦٤٧)، سنن ابى داود/الصلاة ٣ (٣٩٨)، وقد أخرجه: سنن ابن ماجه/الصلاة ٣ (٦٧٤) مختصراً، (تحفة الأشراف: ١١٦٠٥)، مسند احمد ٤/٤٢٠، ٤٢١، ٤٢٣، ٤٢٤، ٤٢٥، سنن الدارمى/الصلاة ٦٦ (١٣٣٨)، ويأتي عند المؤلف بأرقام: ٥٢٦، ٥٣١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 496 ـ صحيح

বাংলা

৪৯৫. মুহাম্মাদ ইবনু আবদুল আ’লা (রহ.) ..... সাইয়্যার ইবনু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পিতাকে আবূ বারাযাহ্ (রাঃ)-এর নিকটে রাসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে জিজ্ঞেস করতে শুনেছি। (সনদের একজন রাবী) শুবাহ্ (রাঃ) সাইয়্যার ইবনু সালামাহ্-কে বললেন, আপনি নিজে তা শুনেছেন কি? (সাইয়্যার বলেন,) হ্যাঁ! যেমন তোমার কথা শুনছি। তিনি (সাইয়্যার) বলেন, আমার পিতাকে আমি আবূ বারযাহ্ (রাঃ) -এর নিকটে রাসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে প্রশ্ন করতে শুনেছি। আবূ বারাযাহ্ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) - ’ইশার সালাত কখনো অর্ধ রাতে আদায় করতেন এবং সালাতের পূর্বে নিদ্রা যাওয়া ও সালাতের পরে কথা বলা পছন্দ করতেন না। শুবাহ্ (রাঃ) বলেন, আমি আবার সাইয়্যার ইবনু সালামাহ্’র সঙ্গে দেখা করি এবং রাসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে প্রশ্ন করি। তিনি বলেন, তিনি (সা.) যুহরের সালাত আদায় করতেন যখন সূর্য ঢলে পড়ত। আসরের সালাত এমন সময় আদায় করতেন যে, কোন লোক মদীনার দূরপ্রান্ত পর্যন্ত যেতে পারত এবং সূর্যের আলো তখনো উজ্জ্বল থাকত। মাগরিবের সালাত কোন সময় আদায় করতেন বলে তিনি উল্লেখ করেছিলেন তা আমার জানা নেই। আবার আমি তার সাথে দেখা করি এবং রাসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে জিজ্ঞেস করি। তিনি বললেন, তিনি (সা.) ফজরের সালাত এমন সময় আদায় করতেন যে, লোকজন সালাত শেষে ফিরে যেত এবং তার পাশে বসা কোন পরিচিত লোকের দিকে তাকালে তাকে চিনতে পারত। রাবী বলেন, তিনি উক্ত সালাতে ষাট হতে একশ’ আয়াত পর্যন্ত তিলাওয়াত করতেন।

## English

2. The Beginning Of The Time For Zuhr

Shu'bah said: Sayyar bin Salamah, narrated to us, he said: 'I heard my father ask Abu Barzah about the prayer of the Messenger of Allah (ﷺ).' I said: 'Did you really hear him?' He said: 'As I can hear you now.' He said: 'I heard my father ask about the prayer of the Messenger of Allah (ﷺ).' He said: 'He would not mind if he delayed it - meaning 'Isha' until midnight, and he did not like to sleep before it or speak after it.' Shu'bah said: Then I met him later on and asked him. He said: 'He used to pray Zauhr when the sun had passed its zenith, and (he would pray) 'Asr and a man could walk to the farthest point in Al-Madinah and the sun would still be clear and hot. And Maghrib, I do not know the time he mentioned.' After that I met him and asked him, and he said: 'He used to pray Fajr then after the prayer a man could regarding it, sitting next to him, look at the face of someone he knew and he could recognize it.' He said: 'And he used to recite in it between sixty and one hundred (verses).'

## ফুটনোট

সহীহ: বুখারী ৫৪৭, ৭৭১; মুসলিম ৬৪৭, ইবনু মাজাহ ৬৭৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সায়্যার ইবনু সালামাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86768

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন